


## প্রেস রিলিজ

৩১ মে ২০২২

### সৌদি আরব ও কাতারে বাউবির এসএসসি এবং এইচএসসি (নিশ-২) পরীক্ষা শুরু

বাউবির ওপেন স্কুল পরিচালিত সৌদি আরব ও কাতারে অবস্থানরত প্রবাসী শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি (নিশ-২) প্রোগ্রামের পরীক্ষা ২৭ মে ২০২২ শুক্রবার থেকে অনলাইনের মাধ্যমে শুরু হয়েছে। বাউবির আইসিটি এবং ই লার্নিং সেন্টার এ পরীক্ষা পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান করছে। প্রতি শুক্রবার ছুটির দিনে অনুষ্ঠিত এ পরীক্ষার প্রথম দিনে এসএসসি প্রোগ্রামের ৪২ জন শিক্ষার্থী এবং এইচএসসি প্রোগ্রামের ৬০ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে।



(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)